আজ খেলা ভাঙার খেলা খেলবি আয় ।
সুখের বাসা ভেঙে ফেলবি আয় ।
মিলনমালার আজ বাঁধন তো টুটবে,
ফাগুন-দিনের আজ স্বপন তো ছুটবে,
উধাও মনের পাখা মেলবি আয় ॥
অস্তগিরির ওই শিখরচূড়ে
ঝড়ের মেঘের আজ ধ্বজা উড়ে ।
কালবৈশাখীর হবে যে-নাচন,
সাথে নাচুক তোর মরণবাঁচন,
হাসি কাঁদন পায়ে ঠেলবি আয় ॥

---

Parjaay: Prakriti / Basanta / Mayar Khela, Taal: Kaharwa, Raag: Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail